

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০২.০০.০১২.২০১৬- ২৫৫৬

তারিখ : ৪ পৌষ ১৪২৪
১৭ ডিসেম্বর ২০১৭

বিষয় : এটি মামলা নং-৩৫৪/২০১৬, বাদী-জনাব জনাব মোঃ সামাদুল ইসলাম, পিতা মোঃ রিয়াজ উদ্দিন, শানঘাট, ধানখোলা, গাংনী, মেহেরপুর-বর্তমানে জেলা পরিষদ, সদর, ডাকবাংলো, চুয়াডাঙ্গা -বনাম সরকার ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতানির্ধারণ বিধিমালা, ২০০৫ সংক্রান্ত বিষয়ে সংক্রান্ত বিষয়ে বাদী কর্তৃক প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার আদালতে এ.টি মামলা নং-৩৫৪/২০১৬ দায়ের করা হয়েছে। উক্ত মামলায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলীকে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। বিজ্ঞ ট্রাইব্যুনাল শুনানী অস্ত্রে জবাব প্রদান করার জন্য প্রতিপক্ষকে আদেশ দিয়েছেন। বিজ্ঞ ট্রাইব্যুনালে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার আদালতে দায়েরকৃত এ টি মামলা নং-৩৫৪/২০১৬ সরকার পক্ষে প্রতিদ্বন্দিতার জন্য ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে-----ফর্দ।

(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন:+৮৮০২-৯৫৪০৯৯৫

প্রধান প্রকৌশলী
এলজিইডি, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা;
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ৩। রেজিস্ট্রার, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।